গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৩৮.২৬. ১৬৬

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

বিষয়: জনাব মোঃ হাবিবুর রহমান, সহকারী তত্ত্বাবধায়ক (সাময়িক বরকাস্ত), সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর (বর্তমানে সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকায় ন্যাস্তকৃত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ১০/২০২৬ তারিখ ২৯/০৭/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ০৭/০৭/২০২৬ খ্রি: তারিখ ৪১.০১.৩০০০.০০০.২৭. ০০১.২৪.৬০৬ সংখ্যক স্মারক মূলে প্রেরিত প্রতিবেদনে সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর এর ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত নিবাসী মিম আক্তার (১৩+) অন্তঃসত্ত্বা হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন;

যেহেতু, প্রতিবেদনে উল্লেখ করেছেন, সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর এর ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত নিবাসী মিম আক্তার (১৩+) জনৈক ওয়াহেদ নামীয় (আনুমানিক বয়স ৫৫/৫৬ বছর) এক দর্জির সাথে দৈহিক সম্পর্কের কারনে অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। একটি সরকারি বালিকা শিশু পরিবারে বসবাসরত অবুঝ ও অপ্রাপ্তবয়স্ক নিবাসীর এই রূপ অন্তঃসত্ত্বা হওয়ার ঘটনা স্পর্শকাতর ও অনভিপ্রেত যা অত্যন্ত নজিরবিহীন, সংবেদনশীল এবং প্রতিষ্ঠানের সামগ্রিক নিরাপত্তা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের তদারকির চরম ব্যর্থতার বহিঃপ্রকাশ;

যেহেতু, আপনি জনাব মোঃ হাবিবুর রহমান, সহকারী তত্ত্বাবধায়ক (সাময়িক বরখাস্ত), সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর (বর্তমানে সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকায় ন্যাস্তকৃত) প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে থেকে প্রতিষ্ঠানের নিবাসী বালিকাদের নৈতিক ও শারীরিক নিরাপত্তা নিশ্চিতকরণে আপনার দায়িত্ব পালনে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন, এতে প্রতিষ্ঠানের ভাবমূর্তি ও নিবাসী বালিকাদের নিরাপত্তা চরম হুমকির মধ্যে পড়েছে;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ সমাজসেবা অধিদপ্তর তথা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন করেছে যা "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' এর শামিল;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের ০৮/০৭/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৩৮.২৬.১৪৭ সংখ্যক অফিস আদেশ যোগে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে;

যেহেতু, উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ হাবিবুর রহমান কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

২৯/৭/২০২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ হাবিবুর রহমান
সহকারী তত্ত্বাবধায়ক (সাময়িক বরকাস্ত)
সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর
(বর্তমানে সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকায় ন্যাস্তকৃত)।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৩৮.২৬. ৭৮৮ (১৮)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফরিদপুর।
১১. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।
১২. উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর।

২৯/০৭/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

অভিযোগ বিবরণী

সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর এর ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত নিবাসী মিম আক্তার (১৩+) জনৈক ওয়াহেদ নামীয় (আনুমানিক বয়স ৫৫/৫৬ বছর) এক দর্জির সাথে দৈহিক সম্পর্কের কারনে অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। একটি সরকারি বালিকা শিশু পরিবারে বসবাসরত অবুঝ ও অপ্রাপ্তবয়স্ক নিবাসীর এই রূপ অন্তঃসত্ত্বা হওয়ার ঘটনা স্পর্শকাতর ও অনভিপ্রেত যা অত্যন্ত নজিরবিহীন, সংবেদনশীল এবং প্রতিষ্ঠানের সামগ্রিক নিরাপত্তা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের তদারকির চরম ব্যর্থতার বহিঃপ্রকাশ।

জনাব মোঃ হাবিবুর রহমান, সহকারী তত্ত্বাবধায়ক (সাময়িক বরখাস্ত), সরকারি শিশু পরিবার (বালিকা), ফরিদপুর (বর্তমানে সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকায় ন্যাস্তকৃত) প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে থেকে প্রতিষ্ঠানের নিবাসী বালিকাদের নৈতিক ও শারীরিক নিরাপত্তা নিশ্চিতকরণে তার দায়িত্ব পালনে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন, এতে প্রতিষ্ঠানের ভাবমূর্তি ও নিবাসী বালিকাদের নিরাপত্তা চরম হুমকির মধ্যে পড়েছে।

তার এহেন কার্যকলাপ সমাজসেবা অধিদপ্তর তথা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ করেছে যা "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২৯/৭/২০২৫

**(মোঃ সাইফুল ইসলাম)**
**উপসচিব**
পরিচালক (প্রশাসন ও অর্থ)